



## উচ্চশিক্ষার মান উন্নয়নে এপিইউবি কার্যালয়ে মতবিনিময়

প্রকাশিত: ১৭ - নভেম্বর, ২০১৯ ১২:০০ এ. এম.

গত সোমবার বনানীর বাংলাদেশ বেসরকারী বিশ্ববিদ্যালয় সমিতি (এপিইউবি) কার্যালয়ে বাংলাদেশ এ্যান্ড্রিডিটেশন কাউন্সিলের চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ এবং কাউন্সিল সদস্য ইসতিয়াক আহমেদ, প্রফেসর মোঃ গোলাম শাহি আলম, প্রফেসর সঞ্জয় কুমার অধিকারী, প্রফেসর এসএম কবীর বেসরকারী বিশ্ববিদ্যালয় সমিতির কার্যনির্বাহী পরিষদের সদস্যবৃন্দের সঙ্গে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ বেসরকারী বিশ্ববিদ্যালয় সমিতির চেয়ারম্যান শেখ কবির হোসেন। এসময় এপিইউবির কার্যনির্বাহী পরিষদের ভাইস চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান চৌধুরী, প্রফেসর শফিক আহমেদ সিদ্দিক, ট্রেজারার এবিএম মঈনউদ্দিন চিশতি ও সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। উচ্চশিক্ষার মানোন্নয়ন বিষয়ে বাংলাদেশ এ্যান্ড্রিডিটেশন কাউন্সিল এবং বাংলাদেশ বেসরকারী বিশ্ববিদ্যালয় সমিতির উপস্থিত সদস্যবৃন্দ মতবিনিময় করেন এবং সহযোগিতা বৃদ্ধির মাধ্যমে লক্ষ্য অর্জনে একসঙ্গে কাজ করার কথা বলেন। -বিজ্ঞপ্তি।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com

